# বনানী ডি ও এইচ এস পরিষদ
# ঢাকা সেনানিবাস ১২০৬

**কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, অবসর, বেতন ও ভাতা নীতিমালা ২০২৬**



BANANI D.O.H.S

বনানী ডিওএইচএস পরিষদ কর্মকর্তা ও কর্মচারীদের বেতন কাঠামো

(শুধুমাত্র নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রযোজ্য)

১। ভূমিকা: বনানী ডিওএইচএস পরিষদের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি সুশৃঙ্খল, বাস্তবসম্মত ও সমন্বিত বেতন কাঠামো প্রণয়নের লক্ষ্যে নিম্নোক্ত ০৭ (সাত) টি গ্রেড এবং ০১ টি বিশেষ গ্রেড (চুক্তি ভিত্তিক) নির্ধারণ করা হলো। এই বেতন কাঠামো মূলতঃ নবনিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে। বর্তমানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিদ্যমান মোট বেতন এবং বেতনের সমপরিমান অর্থ উৎসব ভাতা (Eid Bonus) প্রচলিত থাকবে। তাদের মোট বেতন কোনো অবস্থাতেই হ্রাস করা হবে না।

২। গ্রেডভিত্তিক পদবী ও মোট বেতনঃ

| গ্রেড | পদবী | মোট বেতন (টাকা) |
|---|---|---|
| ১ম গ্রেড | এক্সিকিউটিভ অফিসার ও ইমাম | ৩৫,০০০/- |
| ২য় গ্রেড | একাউন্ট এক্সিকিউটিভ, অফিস সুপার, মুয়াজ্জিন, নায়িব/সহকারী ইমাম | ২২,০০০/- |
| ৩য় গ্রেড | অ্যাডমিন এন্ড ক্লিনিং সুপারভাইজার, সিকিউরিটি গার্ড ইনচার্জ, সিনিয়র ক্লার্ক, সিকিউরিটি গার্ড সুপারভাইজার, মসজিদ সুপারভাইজার | ২০,০০০/- |
| ৪র্থ গ্রেড | কম্পিউটার অপারেটর, কেয়ারটেকার মসজিদ এনেক্স বিল্ডিং, নায়িব/সহকারী মুয়াজ্জিন | ১৫,০০০/- |
| ৫ম গ্রেড | জুনিয়র ক্লার্ক, পরিষদ কেয়ারটেকার, গার্ড কমান্ডার, সিসিটিভি টেকনিশিয়ান | ১৩,০০০/- |
| ৬ষ্ঠ গ্রেড | সিকিউরিটি গার্ড, মালি, সিসিটিভি অপারেটর, | ১২,৫০০/- |
| ৭ম গ্রেড | পরিচ্ছন্নতাকর্মী, অফিস সহায়ক, মাঠকর্মী, খাদেম, বাবুর্চি | ১২,০০০/- |
| বিশেষ গ্রেড (চুক্তিভিত্তিক) | ক। ডাক্তার, খতিব, ইঞ্জিনিয়ার (বিএসসি/ডিপ্লোমা), জীম প্রশিক্ষক, নার্স | যোগ্যতা, অভিজ্ঞতা ও দায়িত্ব অনুযায়ী আলোচনা স্বাপেক্ষে পৃথকভাবে নির্ধারণ করা হবে |
| | খ। স্কুল শিক্ষক, মসজিদ খাদেমা, স্কুল আয়া ও অন্যান্য | |

৩। বেতনের কাঠামো:

প্রত্যেক গ্রেডের মোট বেতন নিম্নরুপ বিভক্ত হবে:

| | |
|---|---|
| মূল বেতন (Basic Pay) | মোট বেতনের ৬০% |
| বাড়ি ভাড়া (House Rent) | মোট বেতনের ২০% |
| চিকিৎসা ভাতা (Medical Allowance) | মোট বেতনের ১০% |
| যাতায়াত ভাতা (Transport Allowance) | মোট বেতনের ১০% |

সূত্র: মোট বেতন = মূল বেতন + বাড়ি ভাড়া + চিকিৎসা ভাতা + যাতায়াত ভাতা

৪। ঈদ বোনাস নীতিমালাঃ

ক। বর্তমানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিদ্যমান মোট বেতনের সমপরিমান অর্থ উৎসব ভাতা (Eid Bonus) প্রচলিত নিয়মে প্রাপ্ত হবেন।

খ। অত্র নীতিমালা অনুমোদনের পর নতুন ভর্তিকৃত পরিষদের সকল কর্মকর্তা ও কর্মচারীদের ঈদ বোনাস মূল বেতনের (Basic) ১০০% প্রদান করা হবে। ঈদুল ফিতর ও ঈদুল আযহা ০২টি ঈদের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে।

গ। কর্মকর্তা ও কর্মচারীদের চাকরি ০১ বছর পূর্ণ সাপেক্ষে মূল বেতন এর সম্পূর্ন ঈদ বোনাস প্রাপ্য হবেন। ০৬ মাস হতে অনধিক ১২ মাস চাকরি সম্পন্নকারী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ মুল বেতনের ৫০% অর্থ ০২ ঈদে ঈদুল ফিতর এ ২৫% ও ঈদুল আজহায় ২৫% হারে প্রাপ্ত হবেন।

৫। বার্ষিক ইনক্রিমেন্ট : ১ম গ্রেড থেকে ৭ম গ্রেড সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অত্র নীতিমালা কার্যকরের তারিখ থেকে ০১ বছর পর তাদের মুল বেতনের নিম্নলিখিত হারে ইনক্রিমেন্ট প্রাপ্ত হবে। বিশেষ গ্রেড (চুক্তিভিত্তিক) ইনক্রিমেন্ট প্রাপ্ত হবে না। কোনো কর্মকর্তা বা কর্মচারী একবার নির্ধারিত সর্বোচ্চ সীমায় (১০ বৎসর) পৌঁছে গেলে পরবর্তীতে নিয়মিত বার্ষিক ইনক্রিমেন্ট প্রযোজ্য হবে না।

| ক্রমিক | গ্রেড | টাকার পরিমান |
|---|---|---|
| ১. | ১ম গ্রেড | ৭৫০.০০ |
| ২. | ২য় গ্রেড | ৭০০.০০ |
| ৩. | ৩য় গ্রেড | ৬৫০.০০ |
| ৪. | ৪র্থ গ্রেড | ৬৫০.০০ |
| ৫. | ৫ম গ্রেড | ৬০০.০০ |
| ৬. | ৬ষ্ঠ গ্রেড | ৫৫০.০০ |
| ৭. | ৭ম গ্রেড | ৫০০.০০ |

৬। বিদ্যমান কর্মচারীদের বেতন নির্ধারণ:

বর্তমানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ যে মোট বেতন প্রাপ্ত হচ্ছেন তা কোনো অবস্থাতেই হ্রাস করা হবে না। তবে বর্তমান পরিচালনা পর্ষদ (Board) প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর জন্য পৃথকভাবে মূল বেতন (Basic Salary) নির্ধারণ এবং Pay Fixation করবে।

৭। চাকরির মেয়াদ, অবসর ও অবসরকালীন সেবা সুবিধা:

বনানী ডিওএইচএস পরিষদের কর্মকর্তা ও কর্মচারীগণ ৫৯ (উনষাট) বছর বয়স অথবা ৩৫ (পঁয়ত্রিশ) বছর চাকরিকাল যেটি পরে হবে, সেই সময় পর্যন্ত চাকরিতে বহাল থাকতে পারবেন, যদি না চিকিৎসক কর্তৃক শারীরিকভাবে অক্ষম (Medically Unfit) বিবেচিত হন। অবসরের বয়স নির্ধারণের উদ্দেশ্যে সকল কর্মকর্তা ও কর্মচারীকে তাদের জন্মনিবন্ধন সনদ / জাতীয় পরিচয়পত্র / এসএসসি বা সমমানের সনদপত্র অনুযায়ী জন্মতারিখের প্রমাণপত্র পরিষদে দাখিল করতে হবে। দাখিলকৃত প্রমাণপত্রে উল্লেখিত জন্ম তারিখই চাকরির মেয়াদ ও অবসর নির্ধারণের ক্ষেত্রে চূড়ান্ত হিসেবে গণ্য হবে। উক্ত অবসরকাল পূর্ণ হওয়ার পর কোনো কর্মকর্তা বা কর্মচারী শারীরিক ও মানসিকভাবে কর্মক্ষম, দায়িত্ব পালনে উপযুক্ত এবং পরিষদের প্রয়োজনীয় বিবেচিত হলে, পরিষদের পরিচালনা পর্ষদ তার চাকরির মেয়াদ ০১ (এক) বছর মেয়াদে বর্ধিত করতে পারবে। বর্ধিত মেয়াদ শেষে কর্মকর্তা বা কর্মচারীর কর্মদক্ষতা, শারীরিক সক্ষমতা এবং পরিষদের প্রয়োজনীয়তা পুনরায় পর্যালোচনা করে একই ভাবে ০১ (এক) বছর ভিত্তিতে চাকরি নবায়ন/ বর্ধিত করা যাবে। এক্ষেত্রে বর্ধিত চাকরির মেয়াদের ক্ষেত্রে কোনো নির্দিষ্ট বয়সসীমা প্রযোজ্য হবে না, বরং কর্মদক্ষতা, সুস্বাস্থ্য এবং পরিষদের প্রয়োজনীয়তাকে বিবেচনার ভিত্তি হিসেবে গণ্য করা হবে।

৮। অবসরকালিন সেবা সুবিধা:

ক। যে সকল কর্মকর্তা বা কর্মচারী সফলভাবে ৫৯ (উনষাট) বছর বয়স অথবা ৩৫ (পঁয়ত্রিশ) বছর চাকরিকাল পূর্ণ করবেন, তাদেরকে পরিষদের সামর্থ্য ও পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে অবসরকালীন সেবা সুবিধা প্রদান করা যেতে পারে। এই সুবিধার আওতায় অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী তার সর্বশেষ মূল বেতনের (Last Basic Salary) সর্বোচ্চ ১২ (বারো) মাসের সমপরিমান অর্থ এককালীনভাবে প্রাপ্য হবেন। অর্থাৎ, মূল বেতন X ১২টি = অবসরকালীন সেবা সুবিধা। সে সকল কর্মকর্তা ও কর্মচারীদের বহিস্কার ও নৈতিক স্খলন ঘটবে তারা অবসর সুবিধার অযোগ্য বিবেচিত হবে। এই সুবিধা প্রদান পরিষদের আর্থিক সক্ষমতা ও পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের উপর নির্ভরশীল হবে।

খ। এছাড়াও, যে সকল কর্মকর্তা ও কর্মচারী বিশেষ কারণে, স্বেচ্ছায় বা স্বাস্থ্যগত কারণে চাকরি থেকে অব্যাহতিতে যাবে তাদের অবসর সুবিধা প্রাপ্তির জন্য ন্যুনতম ১০ বছর চাকরি সম্পন্ন হতে হবে। এক্ষেত্রে তাদেরকে ০৬ মাসের মুল বেতন প্রদান করা হবে। এই সুবিধা পরিষদের পরিচালনা পর্ষদ বিবেচনা করবে।

গ। সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী এবং অন্যান্য যোগ্য ব্যক্তিবর্গের পেশাগত দক্ষতা ও যোগ্যতা বিবেচনা করে তাদের নিয়োগ ও অবসরকালীন বয়স শিথিলযোগ্য। এ সকল ব্যক্তিদেরকে প্রাথমিকভাবে ০৫ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হবে। এক্ষেত্রে শারীরিকভাবে যোগ্যতা ও কর্মদক্ষতা বিবেচনা করে কার্যনির্বাহী পর্ষদ তাদের চাকরি পরবর্তীতে ০১ বৎসর করে বৃদ্ধির ব্যাপারে বিবেচনা করবে। এ সকল ব্যক্তিদের ক্ষেত্রে ন্যূনতম ০৫ বছর সন্তোষজনক চাকরি সাপেক্ষে ০৫ মাসের মূল বেতন অবসরকালীন সুবিধা প্রদান করা হবে। এ সুবিধা পরিষদের পরিচালনা পর্ষদ বিবেচনা করবে। ১০ বছর চাকুরী সম্পূর্ন – ?

৯। পরিষদের আর্থিক বিষয় বিবেচনায় নিয়ে কর্মকর্তা ও কর্মচারীদের অবসর সুবিধা নিশ্চিত করার জন্য যাকাত ফান্ড গঠন করা যেতে পারে। অত্র এলাকার সামর্থ্যবানদের নিকট এ ব্যাপারে সহযোগিতা চাওয়া যেতে পারে।

১০। এই বেতন কাঠামো প্রতি ০৫ (পাঁচ) বছর পর পর প্রয়োজন অনুসারে বনানী ডিওএইচএস পরিষদের উপযুক্ত টিম/কমিটি কর্তৃক পর্যালোচনা ও সংশোধন করা হবে।

১১। অত্র বেতন কাঠামো বর্তমানে কর্মরত ও নতুন ভর্তিকৃত কর্মকর্তা কর্মচারীদের জন্য ০১ জুলাই ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

১২। বনানী ডিওএইচএস পরিষদের কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতি, চাকরির মেয়াদ বর্ধিতকরণ এবং জনবল ব্যবস্থাপনা কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে প্রতি বছর জুন মাসের ২য় অথবা ৩য় সপ্তাহে পরিষদের স্থায়ী কমিটির তত্ত্বাবধানে একটি বার্ষিক বোর্ড অনুষ্ঠিত হবে। উক্ত বোর্ডে বিদ্যমান শূন্য পদে যোগ্য কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতি এবং ৫৯ (উনষাট) বছর বয়স অথবা নির্ধারিত চাকরিকাল পূর্ণকারী কর্মকর্তা ও কর্মচারীদের চাকরির মেয়াদ বর্ধিতকরণের বিষয় বিবেচনা করা হবে। বোর্ডের কার্যপদ্ধতি ও অন্যান্য বিস্তারিত বিষয় পরিষদের জারিকৃত নোটিশ দ্বারা নিধারিত হবে।

নোটঃ

১। বাড়ী ভাড়াঃ বনানী ডিওএইচএস জামে মসজিদের ইমাম, মোয়াজ্জিন ও সুপারভাইজারকে বনানী ডিওএইচএস পরিষদ কর্তৃক বাসস্থান বরাদ্দ করা হলে, বর্তমানে প্রদানকৃত বাড়ীভাড়া (ইমাম ২০,০০০/-, মোয়াজ্জিন ১০,০০০/- এবং সুপারভাইজার ১০,০০০/-) রহিত হবে। তবে উপরে উল্লেখিত ব্যক্তি ত্রয়ের কেহ একজন বরাদ্দ না পেলে বা বরাদ্দে আগহ না থাকলে সে পূর্বের ন্যায় নির্ধারিত বাড়ী ভাড়া প্রাপ্ত হবেন। এই অর্থ মসজিদ ফান্ড থেকে পরিশোধ করা হবে।

২। শিক্ষানবীস সময়ে কর্মকর্তা/কর্মচারীকে শুধুমাত্র মূল বেতন প্রদান করা হবে। সন্তোষজনক ভাবে শিক্ষানবীস কাল অতিক্রান্ত এবং পরিষদের ষ্টান্ডিং কমিটি কর্তৃক সুপারিশ ও অনুমোদন হলে তার গ্রেডের প্রাপ্ত বেতন, বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও যাতায়াত ভাতা প্রদান করা হবে। অত্র নীতিমালার অনুচ্ছেদ ৪ অনুসারে তাদের ঈদ বোনাস প্রদান করা হবে এবং চাকরি স্থায়ীকরনের তারিখ হতে তাদের চাকরি গণনা করা হবে। বর্তমানে শিক্ষানবীস হিসাবে নিয়োজিত ব্যক্তিবর্গ যাদের চাকুরী ০১ জুলাই ২০২৬ তারিখের পরে স্থায়ী হবে তারা সকলে অত্র নতুন নীতিমালার আওতায় বেতন, ভাতা, ঈদ বোনাস, অবসর সুবিধা প্রাপ্ত হবে।

৩। ক্লিনার সোহাগ তার এন আই ডি অনুসারে নতুন ভাবে পরিষদের ষ্টান্ডিং কমিটির নিকট আবেদন করবে। ষ্টান্ডিং কমিটি তার আবেদন যাচাই বাছাই করে সিদ্ধান্ত দিবেন।

বেতন কাঠামো কমিটির সুপারিশনামাঃ

১। কর্নেল হুসেইন মাহমুদ চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি (অব.), আহ্বায়ক

২। আলী বখতিয়ার মাহমুদ মেহেদী, সদস্য

৩। গ্রুপ ক্যাপ্টেন জহিরুল ইসলাম চৌধুরী, এনডিসি, বিইউপি (অব.), সদস্য

৪। উইং কমান্ডার মোহাম্মদ সোহেল লতিফ, পিএসসি (অব.), সদস্য

৫। জনাব মুহাম্মদ হায়দার আলী, সদস্য

৬। লেঃ কর্নেল মোঃ সাইদুর রহমান (অব.), সদস্য সচিব

সম্মানিত সভাপতির অনুমোদন

মেজর জেনারেল আবদুস সালাম চৌধুরী, এনডিসি (অব.)
সভাপতি
বনানী ডিওএইচএস পরিষদ

তারিখ: ...২২...জুন ২০২৬